23

দৈনিক সংবাদ

তারিখ 29 JUN 1995
পৃষ্ঠা ৮ কলাম ৮

## শিক্ষাবোর্ড কর্তৃপক্ষ সমাপে

যশোর বোর্ডের চেয়ারম্যান সাহেব বলেছেন, রেজিস্ট্রেশনে ঘাপলা ও অনিয়মের সঙ্গে জড়িত পরীক্ষার্থীদের প্রবেশপত্র দেয়া হবে না। এই অনিয়ম ও ঘাপলা সম্পর্কে গত ৩রা মে দৈনিক ইত্তেফাকে খবর প্রকাশিত হয়েছে। ৩রা জুন দৈনিক 'সংবাদ'–এর চিঠিপত্র কলামে শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ সমীপে লেখা চিঠিটি এ প্রসঙ্গে উল্লেখযোগ্য।

বোর্ড সম্পর্কে একথা সকলেরই জানা আছে যে, টাকার বিনিময়ে বোর্ডের কিছু কর্মকর্তা এই রেজিস্ট্রেশনে ঘাপলা ও অনিয়মের সঙ্গে জড়িত। কিভাবে তারা এ কাজটি করেছেন, তারাই তা ভালভাবে জানেন। রেজিস্ট্রেশন নিয়ে বাছাই শুরু করেছে মেহেরপুর সরকারি কলেজ। 'সংবাদ' ওপরে বর্ণিত চিঠির লেখক মোঃ ইদ্রিস হোসেন বলেছে, তার বৈধ রেজিস্ট্রেশন থাকা সত্ত্বেও কম্পিউটার/বোর্ড অবৈধ বলে তা বাতিল করেছে। সে এখন হতাশায় ভুগছে: বোর্ডের চেয়ারম্যান মহোদয় অবশ্য বলেছেন যে, সকল শিক্ষক ও বোর্ডের স্টাফ রেজিস্ট্রেশনের ঘাপলা ও অনিয়মের সঙ্গে জড়িত, তাদের বিরুদ্ধে ব্যবস্থা করা হবে। কিন্তু এর শিকার পরীক্ষার্থীদের এ জন্য ভোগান্তি হবে কেন?

এইচএসসি পরীক্ষার্থীরা সকলেই এসএসসি পাস– একথা অস্বীকার করা যাবে না। কিংবা তার ৯ম শ্রেণী পাস করে এসএসসি'র মতো এইচএসসি পরীক্ষার্থী হয়নি।

পরীক্ষার্থীদের সামান্য ভুল হতে পারে। কিন্তু এ জন্য তারা পরীক্ষা দেয়া থেকে বঞ্চিত হবে, বোর্ডের এরকম সিদ্ধান্ত নেয়া কি ঠিক হবে?

যারা মোটা অংকের বিনিময়ে এ কাজ করতে উদ্বুদ্ধ করেছে, ছাত্রদের যারা প্রত্যক্ষভাবে এ কাজে জড়িত তাদের বিরুদ্ধে বোর্ড ব্যবস্থা নেবে এটা সবার কাম্য। যাতে এ ধরনের কাজ পরবর্তীতে আর না হয়। তাই বলে পরীক্ষার্থীদের পরীক্ষায় অংশ গ্রহণ না করতে দেয়া অমানবিক আচরণ।

সঙ্গত কারণে বলতে হয় যাদের পূর্বের রেজিস্ট্রেশন আছে যারা ইতিপূর্বে পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হয়েছে কিংবা যারা বোর্ডের অনুমতি ছাড়াই নিজ কলেজ বাদ দিয়ে অন্য কলেজে নতুন কিংবা পূর্বের রেজিস্ট্রেশন দিয়ে (ওঅএ) ফরমপূরণ করে পরীক্ষার প্রস্তুতি নিয়েছে তাদের পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দিয়ে সদয় সহানুভূতি দেখাবেন।

যাতে তারা ফরম পূরণকৃত কলেজ থেকে অথবা যে কলেজে ইতিপূর্বে পরীক্ষা দিয়েছে সেই কলেজ থেকে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারে তার সুব্যবস্থা গ্রহণের সবিনয় অনুরোধ রাখছি।

'৯৫ পরীক্ষার্থী
মতিয়ার, নূরুল, ইদ্রিস, গোলাম, মাজেদুল,
জোহা, করিম, একরামুল, হাফেজ;
গাংনী জিয়া ছাত্রাবাস,
পোঃ ও থানা ঃ গাংনী,